


Integrated Development Organization (IDO)



Head office:

Sagardari, Keshabpur
Jessore-7450, Bangladesh
Cell: 01726060982
Email: ido1993@yahoo.com

তারিখঃ ২৮-০৩-২০২০ ইং।

স্মারকঃ আইডিও/কেভি-১৯/২০২০/-

বরাবর

আইরিন সুলতানা

এ্যাসিস্টেন্ট ম্যানেজার (ট্রেনিং), ক্যাপাসিটি ডেভেলপমেন্ট

মানুষের জন্য ফাউন্ডেশন

বনানী, ঢাকা।

বিষয়ঃ করোনাভাইরাস সম্পর্কে চলমান কার্যক্রমের কর্ম প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

জনাব,

যথাযত সম্মান সহকারে জানানো যাচ্ছে যে, আইডিও করোনা ভাইরাস সম্পর্কে মানুষকে সচেতন করার লক্ষ্যে ইতোমধ্যে ৫,০০০ পিছ লিফলেট বিতরণ, ২৩০ পিছ মাস্ক, ২৩০ পিছ ডেটল সাবান ৪টি স্থানে পানির ট্রাংক সাবান সহ এবং স্থানীয় ভাবে মাইকিং ও গ্রুপ মেম্বারদেরকে বাড়ী বাড়ী গিয়ে করোনাভাইরাস সম্পর্কে সচেতনতা ও নিজেদের ও পরিবারের সদস্যদেরকে স্বাস্থ্য সচেতনতা বিষয়ে সচেতনতার কাজ করে যাচ্ছে। উপরোল্লিখিত কার্যক্রমের প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল।

থন্যবাদান্তে-

মোঃ মিজানুর রহমান

নির্বাহী পরিচালক

মোবাইলঃ ০১৭২৬০৬০৯৮২

E-mail: ido1993@yahoo.com

স্থানীয় বে-সরকারী উন্নয়ন সংস্থা “আইডিও” তার কর্ম এলাকার গরীব অসহায় দৃশ্য গ্রুপ সদস্যদের মধ্যে ২৩০টি মাস্ক ২৩০ পিছ ডেটল (ছোট) সাবান ৪টি স্থানে হাত ধোয়ার জন্য পানির ট্রাংক/ট্যাপ সাবান সহ, প্রায় ৫,০০০ পিছ লিফলেট বিতরণ কাজ সম্পন্ন করেছে। সাথে সাথে জনগনকে করোনা ভাইরাস সম্পর্কে অবহিত করা হইয়াছে। কেহ যেন অযথা বাইরে ঘোরাফেরা না করে বাজার ঘাট বা চা ষ্টলে বসে সময় ক্ষেপন না করার জন্য মাইকিং করে সতর্ক করার কাজ চলছে। যশোর জেলার কেশবপুর উপজেলার ২টি ইউনিয়নে এ প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে, তন্মধ্যে মাইকিং এর কাজটা কেশবপুর উপজেলা ব্যাপি করা হচ্ছে যথাঃ



ক্রঃ	জেলা	উপজেলা	ইউনিয়ন	গ্রাম-র নাম	উপকার ভোগীর সংখ্যা	ছেলে	মেয়ে	মোট
১	যশোর	কেশবপুর	সাগরদাঁড়ী	১. সাগরদাঁড়ী	১৪৫	০৯	২০	২৯
				২. কোমরপুর	৪০	০৪	০৪	০৮
				৩. শেখপুরা	১১০	০৫	১৭	২২
				৪. বিকরা	৩০	০৩	০৩	০৬
				৫. ধর্মপুর	৫৪	১০	০১	১১
				৬. চিংড়া	৭৮	০৭	০৯	১৬
				৭. গোবিন্দপুর	১১	০	০২	০২
				৮. মেহেরপুর	১৪৪	২১	০৮	২৯
				৯. গোপসেনা	৫	০১	০	০১
				১০. মিজাপুর	১০৬	০৫	১৬	২১
				১১. বিঘনুপুর	৬৪	০৯	০৩	১২
				১২. কান্তা	৪৩	০৪	০৪	০৮
				১৩. বারুইহাটি	৪	০	০১	০১
			হাসানপুর	১৪. হাসানপুর	৪৮	০৩	০৭	১০
				১৫. বগা	৪	০১	০	০১
				১৬. নেহালপুর	১০৩	০৭	১৩	২০
				১৭. বুড়িহাটি	১৫৯	১৪	১৭	৩১
				১৮. টিটাবাজিতপুর	১২	০	০২	০২
			সর্বমোট-২	১৮	১,১৬০	১০১	১২৯	২৩০

উল্লেখ্য, “আইডিও” এনজিও “মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ)” এর আর্থিক সহায়তায় উপরোল্লিখিত কর্মএলাকায় **Working children** দের নিয়ে **Promotion and Protection Rights of the Working**

Children. নামক প্রকল্পটি বাস্তবায়ন করে আসছে। বিগত ডিসেম্বর’ ২০১৯ এ চিনের উহান শহরে নোভেল করোনা ভাইরাস এর উৎপত্তি হয়, সেই হতে আজ পর্যন্ত বিশ্বের ১৮৯ টি দেশে এ ভাইরাসটি ছড়িয়ে পড়েছে। সম্প্রতি বাংলাদেশে ও এই ভাইরাসটি ছড়িয়ে পড়েছে। অনেক মানুষ ভাইরাসে আক্রান্ত হচ্ছে, ভাইরাসটিতে আক্রান্ত হয়ে ইতোমধ্যে ৫ জন লোকের মৃত্যু হয়েছে। এ ধরনের দূর্লভ ভাইরাস থেকে মানুষকে মুক্ত রাখার বা স্বাস্থ্য সচেতনতার উদ্দেশ্যে এই ধরনের প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

কার্যক্রম সমূহঃ

১. **লিফলেট বিতরণঃ** “আইডিও” সংস্থা নোভেল করোনা ভাইরাস কি?, কিভাবে ভাইরাসটি ছড়ায়, ভাইরাসে আক্রান্ত হলে লক্ষণ, আক্রান্ত হলে করণীয় এবং কোথায় যোগাযোগ করবেন?, আপনি কি ভাবে নিজেকে নিরাপদ রাখবেন এ সকল নানান বিষয়ের উপর মানুষকে গণ-সচেতনতা করার লক্ষ্যে প্রায় ৫,০০০ পিছ লিফলেট অনলাইনে এবং হার্ডকপিতে বিতরণ ও বাজারঘাট, ইউনিয়ন পরিষদ, শিক্ষা প্রতিষ্ঠান এবং বিভিন্ন দেওয়ালে লাগানোর কাজ সম্পন্ন করেছে।



২. **মাস্ক ও সাবান বিতরণঃ** “আইডিও” সংস্থা তার গ্রুপ সদস্যদের মাঝে ২৩০ পিছ মাস্ক এবং ২৩০ পিছ ডেটল ছোট সাবান বিতরণ করেছে। গ্রুপ সদস্যদেরকে এবং কমিউনিটির অন্যান্য সকল শ্রেণীর মানুষদেরকে মাস্ক ব্যবহারের

নিয়মাবলী ও উপকারিতা সম্পর্কে সচেতন করা হচ্ছে, প্রতিবার মাস্কটি ব্যবহার শেষে গরমপানি, সাবান ও স্যাভলন দিয়ে ধুয়ে পুনরায় ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে। কিছুক্ষণ পর পর সাবান দিয়ে ২০ সেকেন্ড যাবৎ ঘষে-ঘষে



দু'হাত ভালভাবে ধোয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।



৩. হাত ধোয়ার জন্য পানির ট্রাংক স্থাপনঃ নোভেল করোনা ভাইরাস'র ভয়াবহতা থেকে মুক্তিপেতে এবং স্বাস্থ্য সচেতনতার উদ্দেশ্যে জন বহুল জায়গা অর্থাৎ বাজার, চৌমাথার মোড়, ইউনিয়ন পরিষদ ভবনের সম্মুখে দর্শনীয় ৪ টি স্থানে ৪টি পানির ট্যাংক স্থাপন ও সাবান রেখেছে আইডিও সংস্থা। এক জন করে ভলেন্টিয়ার প্রতিটা পানির



ট্রাংক নিয়ন্ত্রণ করছে এবং মানুষকে হাত ধোয়ার বিষয়টা সম্পর্কে স্বাস্থ্যগত ভাল ধারণা দিচ্ছে। গ্রামের অনেক কৌতুহলী পথচারীরা এটা দেখছে এবং হাত ধোয়ার অভ্যাসটা গড়ে উঠছে। অনেকে নিজ বাড়ীতে গিয়ে হাত ধোয়ার বিষয়টা পরিবারের সদস্যদের সাথে শেয়ার করছে, তাতে করে স্বাস্থ্য সচেতনতার মাত্রা এই মুহূর্তে অনেকাংশে বাড়ছে।



৪. **ব্যাপক গণ-সচেতনতার উদ্দেশ্যে মাইকিংঃ** নোভেল করোনা ভাইরাস'র ভয়াবহতা থেকে মুক্তিপেতে কেহ যেন অযথা বাইরে ঘোরাফেরা না করে, একই জায়গায় ভীড় না করে, করোনা প্রতিরোধে দূরত্ব বজায় রাখে, করোনা স্বাস্থ্য বিধি মেনে চলে, বাজার ঘাট বা চা ষ্টলে বসে সময় ক্ষেপন না করার জন্য মাইকিং করে সতর্ক করার কাজ চলছে। কেশবপুর এবং তালু উপজেলায় এ প্রচার কার্যক্রম চলছে।
৫. **উপসংহারঃ** নোভেল করোনা ভাইরাস শ্বাসতন্ত্রের রোগ সৃষ্টিকারী এমন একটি নূতন ধরনের ভাইরাস, যা আগে কখনও মানব দেহে পাওয়া যায়নি। এ ভাইরাস সম্পর্কে আতঙ্কিত না হয়ে সচেতনতা বৃদ্ধি ও প্রতিরোধমূলক ব্যবস্থা অনুশীলনের মাধ্যমে নিজেকে, পরিবারকে এবং সমাজকে সূ-রক্ষিত রাখা সম্ভবপর মনে করে “আইডিও”সংস্থা স্বল্প পরিসরে হলেও মানুষের জন্য ফাউন্ডেশন'র সহায়তার তার কার্যক্রম সঠিক ও সুন্দর ভাবে বাস্তবায়ন করে চলেছে।

আরও ছবি এবং লিফলেট





করোনা ভাইরাস ও প্রতিরোধে করণীয়

করোনা ভাইরাস/ নোভেল করোনা ভাইরাস কি?

নোভেল করোনা ভাইরাস শ্বাসতন্ত্রের রোগ সৃষ্টিকারী এমন একটি নতুন ধরনের ভাইরাস, যা আগে কখনও মানবদেহে পাওয়া যায়নি। ডিসেম্বর ২০১৯ এ চীনের উহান শহরে প্রথম এই ভাইরাসের কথা জানা যায়।

কোভিড-১৯ কিভাবে ছড়ায়?

- ☐ আক্রান্ত ব্যক্তির হাঁচি- কাশির মাধ্যমে
- ☐ আক্রান্ত ব্যক্তিকে স্পর্শ করলে বা সংস্পর্শে গেলে
- ☐ পশু-পাখি বা গবাদি পশুর মাধ্যমে

অসুস্থ হয়ে পড়লে করণীয়

- পরিবারের সদস্যদের নিরাপদ রাখার স্বার্থে একা একটি আলাদা কক্ষে থাকুন ও সর্বাবস্থায় মাস্ক ব্যবহার করুন।
- একান্ত প্রয়োজন না হলে ঘরের বাইরে যাওয়া থেকে বিরত থাকুন।
- সুস্থ ব্যক্তিদের থেকে কম পক্ষে ১ মিটার (৩ ফুট) দূরত্ব বজায় রাখুন।
- সুস্থ ব্যক্তিদের সংস্পর্শে না গেলে ভালো হয়।
- দেয় না করে নিকটস্থ সরকারি হাসপাতালে যোগাযোগ করুন।

কখন সন্দেহ করবেন আপনি করোনা ভাইরাসে আক্রান্ত হতে পারেন?

- আপনি যদি ১৪ দিনের মধ্যে চীন বা অন্যান্য আক্রান্ত দেশ সমূহে (যেখানে স্থানীয় সংক্রমণ আছে) ভ্রমণ করে থাকেন অথবা কোভিড ১৯ আক্রান্ত কোন ব্যক্তির সংস্পর্শে এসে থাকেন।
- এবং আপনার যদি-
 - জ্বর (১০০ ফারেনহাইট বা তার বেশি)
 - কাশি
 - গলা ব্যাথা
 - শ্বাসকষ্ট ইত্যাদি উপসর্গ দেখা দেয়

আপনি কিভাবে নিজেকে নিরাপদ রাখবেন?

- ঘন ঘন হাত পরিষ্কার করুন (সাবান-পানি অথবা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড)
- হাঁচি বা কাশির সময় রুমাল, টিস্যু বা কনুই ব্যবহার করুন।
- যতদূর সম্ভব চোখ-নাক-মুখ হাত দিয়ে স্পর্শ করা থেকে বিরত থাকুন।
- পরিচিত/অপরিচিত ব্যক্তির সাথে হাত মেলানো বা আলিঙ্গন করা থেকে বিরত থাকুন।
- আপনার যদি জ্বর/ কাশি/শ্বাসকষ্ট থাকে তবে সুস্থ ব্যক্তিদের কাছ থেকে দূরে থাকুন।
- অসুস্থ পশু পাখি সংস্পর্শে আসবেন না, মাছ- মাংস ভালভাবে রান্না করে খাবেন।
- এই রোগ মানুষ থেকে মানুষে ছাড়াতে পারে, সংক্রমিত এলাকায় ভ্রমণের সময় যে কেউ এই ভাইরাস আক্রান্ত হতে পারেন। সুতরাং একান্ত অত্যাৱশ্যকীয় কারণ ছাড়া কোভিড-১৯ সংক্রমণের প্রাদুর্ভাব চলছে এমন দেশে ভ্রমণ এড়িয়ে চলুন।

আতঙ্কিত না হয়ে সচেতনতা বৃদ্ধি ও প্রতিরোধমূলক ব্যবস্থা অনুশীলনের মাধ্যমে নিজেকে, পরিবারকে এবং সমাজকে সুরক্ষিত রাখুন।

হটলাইনঃ সদর হাসপাতাল, সাতক্ষীরা
০১৭৩০-৩২৪৮০২

প্রচারেঃ



Integrated Development Organization.

পরিবেশ জীবানুমুক্ত রাখুন, নিজে সুস্থ
থাকুন!!

- ঘন ঘন সাবান দিয়ে ভালভাবে
দুই হাত ঘষে (কমপক্ষে ২০
সেকেন্ড) ধুয়ে ফেলুন।

আতঙ্কিত না হয়ে সচেতনতা
বৃদ্ধি ও প্রতিরোধমূলক ব্যবস্থা
অনুশীলনের মাধ্যমে নিজেকে,
পরিবারকে এবং সমাজকে
সুরক্ষিত রাখুন।

জনস্বার্থে



আইডিও



করোনা ভাইরাস সম্পর্কে জনসচেতনতা

নিজেকে ও অন্যদের নিরাপদ রাখুন

- বাইরে থেকে ঘরে বা কর্মস্থলে ঢুকে প্রথমেই সাবান/হ্যান্ডওয়াশ দিয়ে ভালভাবে দুই হাত ঘষে ধুয়ে ফেলুন।
- হাঁচি/কাশি ও জ্বরে আক্রান্ত ব্যক্তির সংস্পর্শ এড়িয়ে চলুন। নিজে আক্রান্ত হলে অন্যদের থেকে দূরে থাকুন।
- নিজে পরিবারের সদস্য কিংবা অন্যের লক্ষণ দেখলে নিকটস্থ স্বাস্থ্য কেন্দ্রে বা হাসপাতালে যোগাযোগ করুন।
- পরিবার ও নিকটজনদের মধ্যে শিশু ও ষাটোর্ধ প্রবীণদের সুস্থ রাখতে তাদের প্রতি বিশেষ যত্ন নিশ্চিত করুন।
- হাঁচি-কাশির সময় টিস্যু পেপার বা কনুই ভাজ করে নাক-মুখ ঢেকে ফেলুন।
- হ্যান্ডশেক ও কোলাকুলি করা থেকে বিরত থাকুন; আদর ভালোবাসার নামে অহেতুক শিশুদের শারীরিক সংস্পর্শে আনবেন না।
- জরুরি প্রয়োজনে নিকটস্থ হাসপাতাল অথবা পরামর্শের জন্য আইইডিসিআর হটলাইন নম্বরে যোগাযোগ করুন

+8801944333222, +8801937000011, +8801937110011, +8801927711784, +8801550064901-05

নিরাপদ খাদ্যাভ্যাস করুন

- মাছ, মাংস, শাক-সবজি ও ডিম পর্যাপ্ত সিদ্ধ করার পর খাবেন।
- খাবার তৈরী করার সময়, খাবার পরিবেশনের আগে সাবান/হ্যান্ডওয়াশ দিয়ে হাত ধুয়ে নিন।
- গরু, ছাগল, হাঁস-মুরগি, বিড়াল প্রভৃতির সংস্পর্শে আসার পর ভাল করে সাবান ও পানি দিয়ে হাত পরিষ্কার করুন।

কর্ম পরিবেশ জীবানুমুক্ত রাখুন

- দিনে অন্তত একবার কাজের জায়গা পরিষ্কার ও জীবানুমুক্ত করুন।
- যেখানে সেখানে থুতু বা কফ ফেলবেন না, অন্যদের এই কাজ থেকে বিরত থাকতে বলুন।
- ব্যবহার করার পরপরই টিস্যু পেপার দ্রুত ঢাকনায়ুক্ত বিনে/ময়লার বাস্কেটে ফেলুন।

ভ্রমণের সময় স্বাস্থ্য সুরক্ষা করুন

- জ্বর ও কাশি থাকলে তবে ভ্রমণ থেকে বিরত থাকুন।
- মাস্ক পরে থাকলে খেয়াল রাখবেন তা যেন ভালভাবে নাক-মুখ ঢেকে থাকে, মাস্ক নিয়মিত পরিষ্কার করুন।
- অযথা মাস্ক হাত দিয়ে ধরবেন না এবং যখন-তখন মুখে হাত দিবেন না।
- জরুরি স্বাস্থ্যসেবার জন্য স্বাস্থ্যসেবা প্রদানকারী কর্মী ও চিকিৎসককে আপনার ভ্রমণ সংক্রান্ত তথ্য সবিস্তারে বলুন।
- অতি প্রয়োজন ছাড়া গণপরিবহণ (বাস, লঞ্চ, স্টীমার, ট্রেন) ব্যবহার থেকে বিরত থাকুন। গণপরিবহন থেকে নেমে প্রথমেই স্যানিটাইজার অথবা সাবান দিয়ে দুই হাত ভাল করে পরিষ্কার করুন।
- যে কোন জনসমাবেশ পরিহার করে চলুন (আমাদের দেশসহ অনেক দেশে শিক্ষা প্রতিষ্ঠান, সুপারসপ, বড় বিয়ের অনুষ্ঠান, সিনেমা, সমাবেশ বন্ধ করেছে, সৌদি আরব, কুয়েত, ইরান প্রভৃতি মুসলিম দেশে মসজিদে জামাতের নামাজ সাময়িক বন্ধ রেখেছে)।

তথ্য সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO)

করোনা বিষয়ে জনসচেতনতা প্রসারে নিবেদিত:

প্রকাশ কাল, ১৯ মার্চ-২০২০



Integrated Development Organization (IDO)

Sagardari, Keshabpur, Jessore-7450, Bangladesh.
Mobile: 01726060982
E-mail: ido1993@yahoo.com